



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

৫ সেপ্টেম্বর ২০১৭ খ্রি.

**মাননীয় মেয়র ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সহ সভাপতি আ জ ম নাছির উদ্দীনকে
দেখতে এলেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সভাপতি নাজমুল হাসান পাপন এমপি
সহ বোর্ড সদস্যবৃন্দ**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন অসুস্থ হয়ে তাঁর নিজ বাসভবনে চিকিৎসকের পরামর্শে বিশ্রামে রয়েছেন। ৫ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. সন্ধ্যায় বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সভাপতি নাজমুল হাসান পাপন এমপি সহ বোর্ডের অন্যান্য সদস্যবৃন্দ মেয়রের বাসভবনে আসেন। এসময় পাপন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সহ সভাপতি আ জ ম নাছির উদ্দীন এর সাথে সাক্ষাত করে তাঁর প্রতি সহমর্মিতা প্রকাশ করেন এবং চিকিৎসার খোঁজ খবর নেন। পাপন আল্লাহর দরবারে মেয়রের আশু আরোগ্য কামনা করেন। এসময় অন্যদের মধ্যে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালক মঞ্জুরুল কাদের, আকরাম খাঁন, লোকমান হোসেন ভূঁইয়া, চট্টগ্রাম মহনগর আওয়ামীলীগের সহসভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী, নঈম উদ্দিন আহমদ চৌধুরী, রাউজান উপজেলার চেয়ারম্যান এহসানুল হায়দার বাবুল, আর আই মল্লিক, চট্টগ্রাম বিভাগীয় ক্রীড়া সংস্থার সহ সভাপতি ও চট্টগ্রাম প্রেসক্লাবের সাবেক সভাপতি আলী আব্বাস সহ চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থা, বিভাগীয় ক্রীড়া সংস্থা, বাংলাদেশ ক্রিকেট বোর্ড এর বিভিন্নস্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা